

💵 সহীহ হাদিসে কুদসি

হাদিস নাম্বারঃ ১৯

১/ বিবিধ হাদিসসমূহ

পরিচ্ছেদঃ সালাত ফরজ হওয়া ও মেরাজের হাদিস

আরবী

99- عَنْ أَنَسِ بْنِ مَالِك (أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ: « أُتِيتُ بِالْبُرَاقِ وَهُوَ رَابُتُ أَبْيَضُ طُويِلٌ قُوْقَ الْحِمَارِ وَدُونَ الْبَغْلِ يَضَعُ حَافِرَهُ عِنْدَ مُنْتَهَى طَرْفِهِ، قَالَ: فَرَكِبْتُهُ حَتَى أَتَيْتُ بَيْتَ الْمَقْدِسِ قَالَ فَرَبَطْتُهُ بِالْحَلْقَةِ الَّتِي يَرْبِطُ بِهِا الْأَنْبِيَاءُ، قَالَ: ثُمَّ دَخَلْتُ الْمَسْجِدَ فَصَلَّيْتُ فِيهِ رَكْعَتَيْنِ ثُمَّ حَرَجْتُ فَجَاءَنِي جِبْرِيلُ <math>- عَلَيْهِ السَّلَام - بإِنَاءٍ مِنْ خَمْرٍ، وَإِنَاءٍ مِنْ لَبَنِ فَاخْتَرْتُ اللَّبَنَ فَقَالَ جِبْرِيلُ: اخْتَرْتَ الْفِطْرَةَ ثُمَّ عَرَجَ بِنَا إِلَى مِنْ خَمْرٍ، وَإِنَاءٍ مِنْ لَبَنِ فَاخْتَرْتُ اللَّبَنَ فَقَالَ جِبْرِيلُ: اخْتَرْتَ الْفِطْرَةَ ثُمَّ عَرَجَ بِنَا إِلَى مُوسَى - عَلَيْهِ السَّلَام - حَتَّى قَالَ: يَا مُحَمَّدُ إِنَّهُنَّ خَمْسُ صَلَوَات كُلَّ يَوْمٍ وَلَيْلَةٍ لِكُلِّ مُوسَى - عَلَيْهِ السَّلَام - حَتَّى قَالَ: يَا مُحَمَّدُ إِنَّهُنَّ خَمْسُ صَلَوَات كُلَّ يَوْمٍ وَلَيْلَةٍ لِكُلِّ مُوسَى - عَلَيْهِ السَّلَام - حَتَّى قَالَ: يَا مُحَمَّدُ إِنَّهُنَّ خَمْسُ صَلَوَات كُلَّ يَوْمٍ وَلَيْلَةٍ لِكُلِّ مَوْسَى - عَلَيْهِ السَّلَام - حَتَّى قَالَ: يَا مُحَمَّدُ إِنَّهُنَّ خَمْسُ صَلَوَات كُلَّ يَوْمٍ وَلَيْلَةٍ لِكُلِّ مَوْسَى - عَلَيْهِ السَّلَام - مَنْ عَمْلُهَا لَمْ تُكْتَبْ شُيْتًا فَإِنْ عَمِلْهَا كُتِبَتْ سَيَئَةً فَإِنْ عَمِلْهَا كُتِبَتْ سَيْتًا فَإِنْ عَمِلْهَا كُتِبَتْ سَيِّنَةً فَإِنْ عَمِلْهَا كُونِ الْمَيْلُ وَلَى الْبَهِ عَلَيْهِ وسلم قَلْنَ عَمِلْهَا كُتِبَتْ سَيِّةً وَقَالَ: وَنَوْلُ التَّخْفِيفَ، فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم قَلْون هَلَى النَّه عَلَى الله عَلَى وَبْلَ وَمِل النَّهُ عَلَى الله عَلَى وَجُل وَالله عَلَى وَجُل وَالَ الله عَلْ وَجُل وَل الله عَلَى وَجُل وَالْ لَدَى عَمْسُونَ لا يُبَدَّلُ الْقُولُ لَلَهُ عَلْ وَلُ الله عليه وسلم أن الله - عز وجل قال: هوي خَمْسٌ وَهِي خَمْسٌ وَهِي خَمْسُونَ لا يُبَدَّلُ الْقَوْلُ لَدَى * . (خ, م) صحيح

বাংলা

৯৯. আনাস ইবনু মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: "আমার নিকট বোরাক নিয়ে আসা হল, বোরাক হচ্ছে চতুপ্পদ জন্তু সাদা, লম্বা, গাধার চেয়ে বড় ও খচ্চর থেকে ছোট, তার দৃষ্টির শেষ প্রান্তে সে তার পা রাখে, তিনি বলেন: আমি তাতে সওয়ার হলাম, অবশেষে আমাকে বায়তুল মাকদিস নিয়ে আসা হল, তিনি বলেন: আমি তাকে সে খুঁটির সাথে বাঁধলাম যার সাথে নবীগণ বাঁধেন।



তিনি বলেন: অতঃপর আমি মসজিদে প্রবেশ করি, তাতে দু'রাকাত সালাত আদায় করি, অতঃপর বের হই। অতঃপর জিবরিল আমার নিকট মদের ও দুধের পাত্র নিয়ে আসেন, আমি দুধের পাত্র গ্রহণ করি, জিবরিল আমাকে বলেন: তুমি ফিতরাত (স্বভাব) গ্রহণ করেছ, অতঃপর আমাদের নিয়ে আসমানে চড়েন ..."। তিনি হাদিস উল্লেখ করেন, তাতে রয়েছে: "আমি আমার রব ও মুসা আলাইহিস সালামের মাঝে যাওয়া-আসা করতে ছিলাম, অবশেষে তিনি বলেন: হে মুহাম্মদ, প্রতি রাত-দিনে এ হচ্ছে পাঁচ ওয়াক্ত সালাত, প্রত্যেক সালাতের জন্য দশ, এভাবে পঞ্চাশ ওয়াক্ত সালাত। যে নেক কাজ করার ইচ্ছা করল কিন্তু তা করেনি, আমি তার জন্য একটি নেকিলেখি, যদি সে তা করে তার জন্য দশটি লেখা হয়। যে পাপ করার ইচ্ছা করে কিন্তু সে তা করে নি, তার জন্য কিছু লেখা হয় না, যদি সে তা করে তবে তার জন্য একটি পাপ লেখা হয়। তিনি বলেন: অতঃপর আমি অবতরণ করে মুসা আলাইহিস সালামের নিকট পোঁছলাম এবং তাকে সংবাদ দিলাম, তিনি আমাকে বললেন: তোমার রবের নিকট ফিরে যাও, তার নিকট হ্রাসের দরখান্ত কর, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বললেন: আমি বললাম আমি আমার রবের নিকট বারবার গিয়েছি এখন লজ্জা করছি"। [বুখারি ও মুসলিম] হাদিসটি সহিহ।

আবূ যর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত হাদিসে রয়েছে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামথেকে বর্ণিত, আল্লাহ তা'আলা বলেছেন: "এ হচ্ছে পাঁচ, অথচ তা পঞ্চাশ[1], আমার নিকট কথার (সিদ্ধান্তের) কোন পরিবর্তন নেই"। [বুখারি ও মুসলিম] হাদিসটি সহিহ। অর্থাৎ কর্মে পাঁচ কিন্তু সাওয়াবে পঞ্চাশ।

ফুটনোট

[1] কার্যত পাঁচ ওয়াক্ত, কিন্তু সওয়াব পঞ্চাশ ওয়াক্তের।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলাম হাউস

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন